# এমআইএস স্টুডেন্ট এসোসিয়েশন
# ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস বিভাগ
# বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর

## ২য় এমআইএস স্টুডেন্ট এসোসিয়েশন নির্বাচন-২০২৫ আচরণ বিধিমালা

**ভূমিকা:** বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এর ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস বিভাগ সর্বদাই গণতান্ত্রিক চর্চাকে অগ্রাধিকার দেয়। একাডেমিক কার্যক্রমের বাহিরে শিক্ষার্থীদের নেতৃত্বের গুণাবলি বিকাশ ও গণতান্ত্রিক চর্চার সুযোগ হিসেবে প্রতি বছর একটি অংশগ্রহণমূলক নির্বাচনের আয়োজন করে থাকে। এ বছরেও সে আয়োজন করা হচ্ছে। সুষ্ঠু, নিরপেক্ষ ও অংশগ্রহণমূলক নির্বাচনের মাধ্যমে বিভাগের শিক্ষার্থীদের মধ্য হতে যোগ্য নেতৃত্ব বাছাই করাই এই নির্বাচনের প্রধান উদ্দেশ্য। এই নির্বাচন কমিশন সর্বোচ্চ চেষ্টা ও আন্তরিকতা দিয়ে এ উদ্দেশ্য বাস্তবায়নের জন্য কাজ করবে এবং এ ক্ষেত্রে এ বিভাগের সবার সর্বাত্মক সহযোগিতা এই নির্বাচন কমিশনের একান্ত কাম্য।

**লক্ষ্য:**

গণতান্ত্রিক পরিবেশে শিক্ষার্থীদের নেতৃত্ব গুণাবলি বিকাশ এবং কার্যকর প্রতিনিধিত্ব নিশ্চিত করা।

**ভোটার তালিকা:** এ বিভাগের সকল শিক্ষার্থী এ নির্বাচনে ভোট দেয়ার যোগ্য। ভোট গ্রহণের দিন তাদের স্টুডেন্ট আইডি কার্ড/পেস্লিপ প্রদর্শনপূর্বক ভোট প্রদান করতে হবে।

**প্রার্থীর যোগ্যতা:** এমআইএস স্টুডেন্ট এসোসিয়েশন গঠনতন্ত্র_এর ধারা ৮ মোতাবেক নির্বাচনে অংশগ্রহণের শর্ত হলো

(১) সহ-সভাপতি- ৪র্থ বর্ষে অধ্যায়নরত শিক্ষার্থী (বিবিএ'র সিনিয়র ব্যাচ)।

(২) সাধারন সম্পাদক- ৩য় বর্ষে অধ্যায়নরত শিক্ষার্থী (বিবিএ'র ২য় সিনিয়র ব্যাচ)।

(৩) অন্যান্য সকল পদ- যে কোন বর্ষে অধ্যায়নরত শিক্ষার্থী।

**বি.দ্র.** জুলাই অভ্যুত্থান/২০২৪ এর আন্দোলনে অনাকাঙ্খিত ঘটনার কারণে বিশ্ববিদ্যালয় প্রশাসন কর্তৃক শাস্তিপ্রাপ্ত কোনো শিক্ষার্থী এ নির্বাচনে প্রার্থী হতে পারবেনা।

**মনোনয়ন পত্র সংগ্রহ, দাখিল ও প্রার্থীতা প্রত্যাহার:**

০১) প্রার্থী নিজে অথবা এই বিভাগের যে কোন শিক্ষার্থী দ্বারা তার মনোনয়ন পত্র সংগ্রহ করতে পারবেন। সহ-সভাপতি ও সাধারণ সম্পাদক এর মনোনয়ন ফরম এর মূল্য ৫০০/- টাকা এবং অন্যান্য সকল পদের জন্য ২০০/- টাকা MISSA (0100248279791) হিসাবে জমাপূর্বক বিভাগের নির্বাচনী তফসিলে উল্লিখিত সময়ের মধ্যে জমা ও দাখিল করতে হবে।

০২) মনোনয়ন সংগ্রহ ও দাখিলের সময় অনধিক ০২ জনের বেশি লোকসমাগম করা যাবেনা, কোন উচ্চ শব্দ বা সাউন্ড সিস্টেম ব্যবহার করা যাবেনা।

৩) প্রার্থীর সমস্ত তথ্য নির্ভুল ভাবে প্রদান করতে হবে। কোনো ধরনের অসম্পূর্ণ/অসত্য তথ্য প্রদান করা করা হলে প্রার্থীতা বাতিল হবে।

৪) ফরমের সাথে এক রঙিন কপি ছবি ও স্টুডেন্ট আইডি কার্ড/পে স্লিপের ফটোকপি জমা দিতে হবে।

৫) একাধিক পদের মনোনয়ন ফরম সংগ্রহ করা যাবে ও দাখিল করা যাবে কিন্তু চূড়ান্ত তালিকা প্রকাশের পূর্বে অবশ্যই একটি পদের মনোনয়ন ফরম ছাড়া বাকি পদের মনোনয়ন ফরম প্রত্যাহার করতে হবে নতুবা সকল পদের প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

৬)কোনো পদের বিপরীতে শুধু একজন প্রার্থী থাকলে নির্বাচন কমিশন উক্ত পদের ভোট গ্রহণ করবে এবং ঐ পদে না ভোটের সুযোগ রাখবে, সেক্ষেত্রে না ভোট জয়ী হলে উক্ত পদ ফাঁকা থাকবে বা নির্বাচিত প্রার্থীদের মধ্য হতে উক্ত পদের দায়িত্ব পালনের জন্য একজন কে মনোনয়ন প্রদান করবে নতুন নির্বাহী কমিটি।

**প্রচার-প্রচারণা:**

১) প্রাচার-প্রচারণার সময়সীমা নির্বাচন কমিশন কতৃক প্রকাশিত তফসল মোতাবেক।

২) প্রচারণা অবশ্যই শিক্ষাপ্রতিষ্ঠানের শৃঙ্খলা বজায় রেখে পরিচালিত হতে হবে।

৩) প্রার্থীগণের চূড়ান্ত নামের তালিকা প্রকাশের পরে কোনো রকম পোস্টার, ব্যানার ব্যবহার করে প্রচারণা করা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে, ইলেকট্রনিক মিডিয়ায় পোস্টার/ব্যানার/অডিও/ভিডিও ভোটারগণের নিকট পাঠানো যাবে।

৪) ভোটারগণকে কোনোরকম অর্থ/আদান প্রদান ও ভয়ভীতি প্রদর্শনের প্রমাণ পাওয়া গেলে তার প্রার্থীতা বাতিল হবে।

৫) শিক্ষার্থী বা প্রার্থীর প্রতি কোনো ব্যক্তিগত আক্রমণ বা অপপ্রচার করা হলে প্রার্থীতা বাতিল করা হবে।

**ভোট গ্রহণ ও গণনা:**

১) ভোট গোপন ব্যালটের মাধ্যমে অনুষ্ঠিত হবে।

২)ভোট গণনা নির্বাচন কমিশন ও প্রার্থী/প্রার্থীর প্রতিনিধি ও বিভাগের আগ্রহী শিক্ষার্থীদের সামনে পরিচালিত হবে।

৩)অনানুষ্ঠানিক ফলাফল ভোট গণনার পরেই প্রকাশ করা হবে।

৪) ভার্চুয়াল সিস্টেমে ভোট গ্রহণ করা হবেনা।

**প্রার্থীদের আচরণ:**

১) নির্বাচনকালীন সকল প্রার্থী ও সমর্থককে সৌজন্য বজায় রাখতে হবে।

২) অনিয়মের অভিযোগ প্রমানিত হলে প্রার্থীকে নির্বাচন থেকে অযোগ্য ঘোষণা করা হবে।

৩) যে কোনো ধরনের আইন বা প্রতিষ্ঠানের শৃঙ্খলা ভঙ্গ করলে বিধি মোতাবেক ব্যবস্থা নেওয়া হবে।

৪) নির্বাচন কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

**আচরণবিধির সীমাবদ্ধতা:** এ আচরণবিধিতে উল্লেখ নেই এই এমন কোন বিষয়ে ব্যাখ্যার প্রয়োজন হলে এই নির্বাচন কমিশনের ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে।

**স্বাক্ষরিত/-**
**এস. এম. আশরাফুল আলম**
প্রধান নির্বাচন কমিশনার
২য় এমআইএস স্টুডেন্ট এসোসিয়েশন নির্বাচন-২০২৫
ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস্ বিভাগ
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।

**স্বাক্ষরিত/-**
**খাদিজা শারমিন**
নির্বাচন কমিশনার
২য় এমআইএস স্টুডেন্ট এসোসিয়েশন নির্বাচন-২০২৫
ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস্ বিভাগ
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।

**স্বাক্ষরিত/-**
**আফসানা মিমি**
নির্বাচন কমিশনার
২য় এমআইএস স্টুডেন্ট এসোসিয়েশন নির্বাচন-২০২৫
ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস্ বিভাগ
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।